**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
জেলা প্রশাসকের কার্যালয়
ব্যবসা, বানিজ্য ও বিনিয়োগ শাখা
যশোর
www.jashore.gov.bd

নম্বর-০৫.৪৪.৪১০০.০০৯.০৩.০২১.২৬-১১৭ তারিখ: ৩১/০৮/২০২৬ খ্রি.

## "সার ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি (সংশোধিত)"

কৃষি মন্ত্রণালয়ের সার ব্যবস্থাপনা ও মনিটরিং অনুবিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এর ২৭/০৮/২০২৬ খ্রি. তারিখের ১২.০০.০০০০.০৩১.৪০.০০১.২৫-৯১স্মারকে জারিকৃত পরিপত্র (একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত) মোতাবেক এবং 'সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা-২০২৬' এর আলোকে নিম্নলিখিত শর্ত সাপেক্ষে যশোর জেলায় নিম্নবর্ণিত প্রতি ইউনিয়ন ও পৌরসভার জন্য বিদ্যমান ডিলারের পাশাপাশি ০১ (এক) জন করে নতুন ডিলার নিয়োগের জন্য আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে। এখানে উল্লেখ্য যে, ইতোপূর্বে সার ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি অনুযায়ী আবেদন দাখিল করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নেই।

| ক্র: নং | উপজেলার নাম | পৌরসভা ও ইউনিয়নের সংখ্যা | পৌরসভা ও ইউনিয়নের নাম |
|---|---|---|---|
| ০১ | যশোর সদর | পৌরসভা ০১ (এক) টি ও ইউনিয়ন ১৫ (পনেরো) টি | যশোর পৌরসভা, হৈবতপুর, লেবুতলা, ইছালি, নওয়াপাড়া, উপশহর, কাশিমপুর, চুড়ামনকাঠি, দেয়াড়া, আরবপুর, চাঁচড়া, রামনগর, ফতেপুর, কচুয়া, নরেন্দ্রপুর, বসুন্দিয়া। |
| ০২ | শার্শা | পৌরসভা ০১ (এক) টি ও ইউনিয়ন ১১ (এগারো) টি | বেনাপোল পৌরসভা, ডিহি, লক্ষণপুর, বাহাদুরপুর, বেনাপোল, পুটখালী, গোগা, কায়বা, বাগআঁচড়া, উলাশী, শার্শা, নিজামপুর। |
| ০৩ | ঝিকরগাছা | পৌরসভা ০১ (এক) টি ও ইউনিয়ন ১১ (এগারো) টি | ঝিকরগাছা পৌরসভা, গঙ্গানন্দপুর, মাগুরা, শিমুলিয়া, গদখালি, পানিসারা, ঝিকরগাছা, বাঁকড়া, নাভারন, নির্বাসখোলা, হাজিরবাগ, শংকরপুর। |
| ০৪ | চৌগাছা | পৌরসভা ০১ (এক) টি ও ইউনিয়ন ১১ (এগারো) টি | চৌগাছা পৌরসভা, ফুলসারা, পাশাপোল, সিংহঝুলি, চৌগাছা, ধুলিয়ানি, পাতিবিলা, জগদিশপুর, হাকিমপুর, স্বরুপদাহ, নারায়নপুর, সুখপুকুরিয়া। |
| ০৫ | অভয়নগর | পৌরসভা ০১ (এক) টি ও ইউনিয়ন ০৮ (আট) টি | নোয়াপাড়া পৌরসভা, প্রেমবাগ, সুন্দলী, চলিশিয়া, পায়রা, শ্রীধরপুর, বাঘুটিয়া, শুভরাড়া, সিদ্ধিপাশা। |
| ০৬ | বাঘারপাড়া | পৌরসভা ০১ (এক) টি ও ইউনিয়ন ০৯ (নয়) টি | বাঘারপাড়া পৌরসভা, জহরপুর, বন্দবিলা, নারিকেলবাড়ীয়া, ধলগ্রাম, দোহাকুলা, জামদিয়া, বাসুয়াড়ি, দরাজহাট, রায়পুর। |
| ০৭ | মনিরামপুর | পৌরসভা ০১ (এক) টি ও ইউনিয়ন ১৭ (সতেরো) টি | মনিরামপুর পৌরসভা, রোহিতা, কাশিমনগর, ভোজভাতী, ঢাকুরিয়া, হরিদাশকাঠি, মনিরামপুর, খেদাপাড়া, হরিহরনগর, ঝাঁপা, মশ্মিমনগর, চালুয়াহাটি, শ্যামকুড়, খানপুর, দূর্বাডাঙ্গা, কুলটিয়া, নেহালপুর, মনোহরপুর। |
| ০৮ | কেশবপুর | পৌরসভা ০১ (এক) টি ও ইউনিয়ন ১১ (এগারো) টি | কেশবপুর পৌরসভা, ত্রিমোহিনী, সাগরদাঁড়ী, মজিদপুর, বিদ্যানন্দকাটি, মঙ্গলকোট, কেশবপুর, পাঁজিয়া, সুফলাকাটি, গৌরীঘোনা, সাতবাড়ীয়া,হাসানপুর। |

**(ক) আবেদনকারীর যোগ্যতা:**

১. আবেদনকারীকে সংশ্লিষ্ট ইউনিয়নের/পৌরসভা/উপজেলার বাসিন্দা হতে হবে ও এর প্রমাণক হিসেবে জাতীয় পরিচয়পত্র এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র বা প্রশাসক অথবা দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ দাখিল করতে হবে;

২. সার ডিলারের নিজ মালিকানায় অথবা ভাড়ায় সংশ্লিষ্ট ইউনিয়ন/পৌরসভা সংশ্লিষ্ট কার্য এলাকায় (ডিলার ইউনিটে) কমপক্ষে ২৫ মে. টন ধারণক্ষমতা সম্পন্ন গুদাম থাকতে হবে; তবে শর্ত থাকে যে, খাবারের দোকান/রেস্টুরেন্ট, গো-খাদ্য, মাছের খাবার, সবজি দোকানের সঙ্গে সার গুদাম করা যাবে না এবং সারের গুদামে বীজ সংরক্ষণ করা যাবে না;

৩. বস্তাবন্দি সার যথাযথভাবে সংরক্ষণের জন্য গুদামের ভিটি স্বাভাবিক বন্যাসীমার চেয়ে উঁচু ও পাকা থাকতে হবে;

৪. আবেদনকারীকে আর্থিকভাবে সচ্ছল হতে হবে এবং আর্থিক সচ্ছলতার প্রমাণক হিসেবে কমপক্ষে ৫.০ (পাঁচ) লক্ষ টাকার ব্যাংক সচ্ছলতার সাম্প্রতিক সনদ থাকতে হবে;

৫. ইউনিয়ন পরিষদ/পৌরসভা কর্তৃক প্রদত্ত ট্রেড লাইসেন্স থাকতে হবে;

৬. আবেদনকারীর বয়স ন্যূনতম ১৮ (আঠারো) বছর হতে হবে;

৭. আবেদনকারীকে শারীরিক ও মানসিকভাবে সুস্থ ও চলাচলে সক্ষম হতে হবে; এবং

৮. আবেদনকারীর টিআইএন থাকতে হবে।

(খ) অযোগ্যতা:

১. ইতোপূর্বে শাস্তিমূলক ব্যবস্থা হিসেবে কারও সার ডিলারশিপ বাতিল হয়ে থাকলে তিনি আবেদনের অযোগ্য হবেন। পাশাপাশি ইতোপূর্বে ব্যবসায়ে অনিয়ম/কোন ফৌজদারি বা অন্য কোনো আইনে দন্ডপ্রাপ্ত হয়ে থাকলে তিনি ডিলারশিপ আবেদনের জন্য অযোগ্য হবেন। তবে ফৌজদারি অপরাধে দন্ডপ্রাপ্ত ব্যক্তি সাজাভোগের ২ (দুই) বছর পর আবেদন করতে পারবেন;

২. কোনো বিধিবদ্ধ সরকারি/আধাসরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান/পাবলিক বিশ্ববিদ্যালয়/এমপিওভুক্ত প্রতিষ্ঠানের কর্মচারী বা জনপ্রতিনিধি ডিলার হতে/থাকতে পারবেন না; এবং

৩. সার ডিলার নিয়োগের ক্ষেত্রে একই পরিবারের একজনের ডিলারশিপ বা যথাযথ কর্তৃপক্ষ প্রদত্ত খুচরা বিক্রেতার আইডি কার্ড থাকলে পরিবারের অপর কেউ ডিলারশিপের/খুচরা বিক্রেতার আইডি কার্ডের জন্য আবেদন করতে বা ডিলার বা খুচরা বিক্রেতা হতে পারবেন না। এক্ষেত্রে পরিবারের সদস্য বলতে পিতা, মাতা, স্বামী/স্ত্রী, পুত্রের স্ত্রী, পুত্রের পুত্র ও তাদের স্ত্রী, অবিবাহিত কন্যা ও নির্ভরশীল ভাই ও বোন যারা এক খানায় খাদ্য গ্রহণ করে তাদের বুঝানো হয়েছে।

**(গ) সারের ডিলারশিপের জন্য আবেদনপত্র জমাদানের শর্ত ও প্রয়োজনীয় কাগজ-পত্র**

১. আবেদনকারীরকে সার ডিলার নিয়োগ ও সার বিতরণ সংক্রান্ত সমন্বিত নীতিমালা-২০২৬' এর পরিশিষ্ট-১ এ প্রদত্ত নমুনা ছক অনুযায়ী তার প্রতিষ্ঠানের নিজস্ব লেটার প্যাডে পরিচায়কপত্র (Cover Letter) সহ আবেদন দাখিল করতে হবে। (আবেদন ফরম www.moa.gov.bd থেকে ডাউনলোড করা যাবে)।

২. আবেদনপত্রের সঙ্গে নিম্নবর্ণিত দলিলাদি/কাগজ-পত্র জমা দিতে হবে:

(ক) জাতীয় পরিচয়পত্র ও স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক ইস্যুকৃত নাগরিকত্ব সনদ;

(খ) সাম্প্রতিক তোলা ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজ ছবি;

(গ) হালনাগাদ ট্রেড লাইসেন্স;

(ঘ) দোকান ও গুদামের পরিমাপের বর্ণনাসহ মালিকানা দলিলের/ভাড়ার চুক্তিনামার কপি;

(ঙ) আর্থিক সচ্ছলতার প্রমাণক হিসেবে কমপক্ষে ৫.০ (পাঁচ) লক্ষ টাকার ব্যাংক সচ্ছলতার সাম্প্রতিক সনদ;

(চ) আবেদনকারী কর্তৃক স্বাক্ষরিত স্থানীয় জনপ্রতিনিধি কর্তৃক প্রত্যয়িত পরিবারের সদস্যদের পেশাসহ (পিতা, মাতা, পুত্র, অবিবাহিত কন্যা এবং নির্ভরশীল ভাই ও বোন) তালিকা; এবং

(ছ) হালনাগাদ আয়কর রিটার্ন দাখিলের সনদ।

৩. আবেদনপত্রের সঙ্গে আবেদন ফি বাবদ অফেরতযোগ্য ২০০০.০০ (দুই হাজার) টাকার পোস্টাল অর্ডার/পে-অর্ডার/ডিমান্ড ড্রাফট জেলা সার ও বীজ মনিটরিং কমিটির সভাপতি বরাবর জমা দিতে হবে;

৪. একই সঙ্গে সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও সভাপতি, জেলা সার ও বীজ মনিটরিং কমিটি বরাবর আর্নেস্টমানি বাবদ ১০,০০০/- (দশ হাজার) টাকার পে-অর্ডার/ডিমান্ড ড্রাফট (ফেরতযোগ্য) সংযোজন করতে হবে। আবেদনপত্র যাচাইকালে কোনোরূপ তথ্যগত বা দালিলিক অসত্যতা অথবা সংযুক্ত কাগজপত্র নকল বা জাল প্রমাণিত হলে উক্ত আবেদনপত্র বাতিল ঘোষণা করা হবে এবং আর্নেস্টমানি বাবদ জমাকৃত পে-অর্ডার/ডিমান্ড ড্রাফট বাজেয়াপ্ত হবে। ফলাফল প্রকাশের পর অনির্বাচিত আবেদনকারীদের আর্নেস্টমানি বাবদ জমাকৃত পে-অর্ডার/ডিমান্ড ড্রাফট ফেরত প্রদান করা হবে। নির্বাচিত আবেদনকারীর আর্নেস্টমানি ডিলার নিয়োগের চুক্তি স্বাক্ষরের পর ফেরত প্রদান করা হবে।

(ঘ) **আবেদনপত্র দাখিলের সময়, স্থান ও শেষ তারিখ:**

আবেদনপত্র উপপরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, যশোর এ ১০-০৯-২০২৬ খ্রি. তারিখের মধ্যে (সকাল ৯.০০ ঘটিকা হতে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত) দাখিল করতে হবে। বিস্তারিত তথ্য উপপরিচালকের কার্যালয়, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, যশোর এর কার্যালয় হতে অফিস চলাকালীন সময়ে জানা যাবে।

কোন কারণ দর্শানো ব্যাতিরেকে যেকোন আবেদনপত্র গ্রহণ বা বাতিল করাসহ এই বিজ্ঞপ্তি সংশোধন বা বাতিলের সকল ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে। এ সংক্রান্ত হালনাগাদ তথ্য ওয়েবসাইটে (www.dae.jessore.gov.bd) প্রকাশ করা হবে।

৩১৮/২৬

(মোহাম্মদ আশেক হাসান)
জেলা প্রশাসক
ও
সভাপতি
জেলা সার ও বীজ মনিটরিং কমিটি, যশোর।